

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৬০

৫/ হাজ (হজ/হজ) (এшানা ভার)

পরিচ্ছেদঃ ৪২, ইহরামের পর যদি হজ্জ করতে অপারগ বা বাধাপ্রাপ্ত হয়.

باب الإِحْصَارِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ حَجَّاجٍ الصَّوَّافِ، حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، عَنْ عِكْرِمَةَ، قَالَ سَمِعْتُ الْحَجَّاجَ بْنَ عَمْرٍو الأَنْصَارِيَّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ كُسِرَ أَوْ عَرِجَ فَقَدْ حَلَّ وَعَلَيْهِ الْحَجُّ مِنْ قَابِلٍ ". قَالَ عِكْرِمَةُ سَأَلْتُ ابْنَ عَبَّاسِ وَأَبَا هُرَيْرَةَ عَنْ ذَلِكَ فَقَالاً صَدَقَ .

বাংলা

১৮৬০. মুসাদ্দাদ (রহঃ) ইকরামা (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি হাজ্জাজ ইবন 'আমর আনসারী (রাঃ)-কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যদি কেউ শক্রর কারণে বা চলনশক্তি রহিত হওয়ার কারণে (ইহরামের পর হজ্জ বা উমরা করতে) অক্ষম হয়, তবে তার জন্য হালাল হওয়া বৈধ। তবে তাকে পরবর্তী বছর হজ্জ করতে হবে। রাবী ইকরামা বলেন, অতঃপর আমি এ সম্পর্কে ইবন আব্বাস (রাঃ) ও আবৃ হুরায়রা (রাঃ)-কে জিজ্ঞাসা করলে তাঁরা উভয়ে এর সত্যতা স্বীকার করেন।

English

Al Hajjaj bin 'Amr Al Ansari reported the Apostle of Allaah() as saying "If anyone breaks (a bone or leg) or becomes lame, he has come out of the sacred state and must perform Hajj the following year." 'Ikrimah said I asked Ibn 'Abbas and Abu Hurairah about this. They replied He spoke the truth.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইকরিমা (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন